

\*\*\* (২) \*\*\*

যে রায় দিয়েছেন তা লঙ্ঘন করে কোন ভাবেই Validation Act প্রণয়ন করা যায় না। যে আপত্তির কারণে সুপ্রীম কোর্ট শিক্ষক-শিক্ষিকাদের নিয়োগ বাতিল করে দিয়েছে সেই কারণে অপসারণ যোগ্য নহে। এ পরিস্থিতিতে Validation Act প্রণয়ন করলে তাহবে চরম (aggravated) আদালত অবমাননার সামিল এবং এই আইন প্রণয়নকে বিচার প্রক্রিয়ার বাধা সৃষ্টিকারী হিসাবে গণ্য করা হবে।

৬. রাজ্য সরকার সকলের অবগতির জন্য জানাতে চায় যে, প্রথম থেকেই আদালতের রায়ে চাকুরী হারাতে যাচ্ছেন যে ১০,৩২৩ জন শিক্ষক-শিক্ষিকা রয়েছেন তাঁদের পাশে সরকার সর্বতোভাবে আছে। তাদের প্রতি সরকার সহানুভূতিশীল। তাই, শিক্ষকদের চাকুরীর মেয়াদ বৃদ্ধির জন্য সর্বোচ্চ আদালতে রাজ্য সরকার আবার আবেদন করেছে। এর শুনানি হবে আগামী ১১ ডিসেম্বর, ২০১৭।

বিদ্যালয় শিক্ষা দপ্তরের মধ্যশিক্ষা অধিকারের পক্ষ থেকে এক প্রেস রিলিজে আজ এ সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*